

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইসিটি শাখা



...

সভাপতি	ফরিদা পারভীন অতিরিক্ত সচিব
সভার তারিখ	০৯/০৯/২০২০ খ্রিঃ
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	zoom প্ল্যাটফর্ম
উপস্থিতি	স্ক্রীনশট যুক্ত

সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে অনলাইন সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব প্রোগ্রামার, আইসিটি শাখা সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনা শুরু করেন। আলোচনাক্রমে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী উদ্যোগ (ইনোভেশন) সংক্রান্ত আলোচনা করা হয়। নিজ দপ্তরের ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দ উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নে ইতোমধ্যে কি ব্যবস্থা গ্রহণ করেছেন তা সভাকে অবহিত করেন। মহিলা বিষয়ক অধিদপ্তর হতে জানানো হয় ইতোমধ্যে অধিদপ্তরের মাঠ পর্যায় হতে উদ্ভাবনী আইডিয়া আহবান করা হয়েছে। ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন উদ্ভাবন খাতে (কোড নম্বর-৩২৫৭১০৫) বরাদ্দ নিশ্চিতকরণ বিষয়ক আলোচনা করা হয়।	সকল দপ্তর/সংস্থা দ্রুত মাঠ পর্যায় ও দপ্তরের সকল কর্মচারীর নিকট হতে ইনোভেশন আইডিয়া আহবান করে যাচাই বাছাই করে চূড়ান্ত করবে। অতঃপর দপ্তর/সংস্থা হতে যাচাই বাছাইকৃত আইডিয়া সমূহ মন্ত্রণালয়ের ইনোভেশন টিম চূড়ান্ত যাচাই বাছাই করে তালিকা প্রকাশ করবেন। যে সকল দপ্তর/সংস্থা'র উদ্ভাবন খাতে (কোড নম্বর-৩২৫৭১০৫) বরাদ্দ আসে নাই তাঁরা মন্ত্রণালয়ের বাজেট অধিশাখা'র সাথে দ্রুত যোগাযোগ করে বাজেট বরাদ্দের ব্যাপারে উদ্যোগ গ্রহণ করবেন।	১। জাতীয় মহিলা সংস্থা'র ইনোভেশন টিম ২। বাংলাদেশ শিশু একাডেমি'র ইনোভেশন টিম ৩। জয়িতা ফাওন্ডেশন'র ইনোভেশন টিম
২।	২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী উদ্যোগ (ইনোভেশন) সংক্রান্ত কর্মশালা/প্রশিক্ষণ সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়।	সকল দপ্তর/সংস্থা দ্রুত বার্ষিক উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ক কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজন করবেন।	১। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ২। মহিলা বিষয়ক অধিদপ্তর ৩। জাতীয় মহিলা সংস্থা ৪। বাংলাদেশ শিশু একাডেমি ৫। জয়িতা ফাওন্ডেশন

৩।	২০২০-২০২১ অর্থবছরের ডিজিটাল সেবা প্রস্তুতকরণ সংক্রান্ত আলোচনা করা হয়। সভাপতি উল্লেখ করেন, এ বিষয়ে শুরুর থেকেই সকল দপ্তর/সংস্থার ইনোভেশন টিম সচেতন থাকে যাতে কোনক্রমেই কর্মপরিকল্পনার টার্গেট বাস্তবায়নে দপ্তর/সংস্থা ব্যর্থ না হয়।	কোন সেবাটিকে ডিজিটাল হিসেবে রূপান্তর করা হবে তার ব্যাপারে আইডিয়া চূড়ান্ত করণের উদ্যোগ নিবেন।	১। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ২। মহিলা বিষয়ক অধিদপ্তর ৩। জাতীয় মহিলা সংস্থা ৪। বাংলাদেশ শিশু একাডেমি ৫। জয়িতা ফাউন্ডেশন
৪।	২০২০-২০২১ অর্থবছরের সেবা সহজিকরণ সংক্রান্ত আলোচনা করা হয়। সভাপতি মহোদয় এক্ষেত্রে নির্ধারিত সময়ের ভিতর সেবা সহজিকরণ সংক্রান্ত প্রশিক্ষণটি আয়োজনের বিষয়ে সকল দপ্তর/সংস্থাকে তাগিদ প্রদান করেন যাতে কর্ম পরিকল্পনা অনুযায়ী আগামী ১৫-১০-২০২০ তারিখের ভিতর সেবা সহজিকরণের পাইলটিং আদেশ করা সম্ভব হয়। মহিলা বিষয়ক অধিদপ্তরের ইনোভেশন ফোকাল পার্সন জানান যে, ইতোমধ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর উদ্যোগ গ্রহণ করেছেন এবং আগামী ১৯-২০ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ অধিদপ্তরে ২ দিন ব্যাপী সেবা সহজিকরণ প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।	সেবা সহজিকরণের কর্মশালাটি দ্রুত সম্পন্ন করতে হবে যাতে কর্ম পরিকল্পনা মোতাবেক সেবা সহজিকরণের পাইলটিং আদেশ নির্ধারিত তারিখের মধ্যে করা সম্ভব হয়।	১। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ২। মহিলা বিষয়ক অধিদপ্তর ৩। জাতীয় মহিলা সংস্থা ৪। বাংলাদেশ শিশু একাডেমি ৫। জয়িতা ফাউন্ডেশন

২। সভায় আর কোন আলোচ্য সুচি না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ফরিদা পারভীন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০১.২০.৫৫

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৭
১৫ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন (দৃষ্টি আকর্ষণ: ইনোভেশন অফিসার)
- ২) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (দৃষ্টি আকর্ষণ: ইনোভেশন অফিসার)
- ৩) নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা (দৃষ্টি আকর্ষণ: ইনোভেশন অফিসার)
- ৪) মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি (দৃষ্টি আকর্ষণ: ইনোভেশন অফিসার)

- ৫) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৬) যুগ্মসচিব, পরিকল্পনা-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৭) উপ-সচিব, বাজেট ও অডিট অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৮) উপসচিব, উন্নয়ন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৯) উপসচিব, প্রশাসন-১ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

ইনামুল হক

মোঃ ইনামুল হক
প্রোগ্রামার